



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



The Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) এবং ফিন্যান্স বিভাগ,  
জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাঝে সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত



২৯ আগস্ট ২০২৩- মঙ্গলবার The Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) এবং ফিন্যান্স বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাঝে কেন্দ্রীয় মিলনায়তনে গবেষণা সহযোগিতা, একাডেমিক ও ভর্তি বিষয়ক সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়।

ফিন্যান্স বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ ছগীর হোসেন খন্দকারের সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ গোলাম মোস্তফা, ICAB এর প্রেসিডেন্ট জনাব মোঃ মনিরুজ্জামান এফসিএ, ICAB এর ভাইস প্রেসিডেন্ট (এডুকেশন এন্ড এক্সামিনেশন) জনাব ইয়াসিন মিয়া এফসিএ, ICAB এর ভাইস প্রেসিডেন্ট (অপারেশন এন্ড মেম্বারস সার্ভিস) এমবিএম লুৎফুল হাদী এফসিএ।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



এসময় ফিন্যান্স বিভাগের শিক্ষক-শিক্ষার্থী, ICAB এর অতিথিবৃন্দ সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এই চুক্তির আওতায়: শিক্ষা, গবেষণা এবং সুনির্দিষ্ট ক্ষেত্রগুলোতে অন্যান্য বিনিময় ও পারস্পরিক সহযোগিতামূলক কার্যক্রমসহ বিভিন্ন সুবিধা লাভ করবে ICAB এবং ফিন্যান্স বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়-এর শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীরা।